



ঠাকুরগাঁওয়েও প্রকাশ্যে দলীয় কর্মসূচিতে আওয়ামী লীগ



সংগৃহীত ছবি

পঞ্চগড় ও দিনাজপুরের পর এবার ঠাকুরগাঁওয়েও প্রকাশ্যে কর্মসূচি শুরু করেছে বাংলাদেশ আওয়ামী লীগ। দীর্ঘ বিরতির পর দলটির নেতাকর্মীদের এমন উপস্থিতি স্থানীয় রাজনীতিতে নতুন বার্তা দিচ্ছে।

রোববার (১৫ ফেব্রুয়ারি) বিকেলে পীরগঞ্জ পৌর শহরের লিচুতলা এলাকায় দলীয় কার্যালয় প্রাঙ্গণে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচির সূচনা হয়। সাবেক ছাত্রনেতাদের উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে প্রায় ৩০ জন নেতাকর্মী অংশ নেন।

জেলা ও উপজেলা পর্যায়ের নেতৃত্বের উপস্থিতিতে কার্যালয় এলাকায় আবারও সরব পরিবেশ তৈরি হয়। নেতারা জানান, এটি শুধু প্রতীকী আয়োজন নয়; তৃণমূল পর্যায়ে সংগঠনকে সক্রিয় ও ঐক্যবদ্ধ করাই তাদের মূল লক্ষ্য।

এ সময় নতুন সদস্য সংগ্রহ, নিয়মিত সাংগঠনিক কার্যক্রম এবং সাধারণ মানুষের সঙ্গে নিবিড় যোগাযোগ বাড়ানোর অঙ্গীকারের কথাও তুলে ধরেন তারা।

পীরগঞ্জে এ উদ্যোগকে স্থানীয় রাজনৈতিক অঙ্গনে নতুন গতি সৃষ্টির পদক্ষেপ হিসেবে দেখছেন সংশ্লিষ্ট মহল।